

সহীহ বুখারী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৮৮৮ [আন্তর্জাতিক নাম্বারঃ ৩১০৭]

8৮/ জিহাদ (کتاب الجهاد والسیر)

পরিচ্ছেদঃ ১৯৪৫. নবী (ﷺ) এর বর্ম, লাঠি, তরবারী, পেয়ালা ও মোহর এবং তার পরবর্তী খলিফাগন সে সব থেকে যা ব্যবহার করেছেন, আর তা যার বন্টনের উল্লেখ করা হয়নি এবং তার চুল, পাদুকা ও পাত্র নবী (সাঃ) এর ওফাতের পর তার সাহাবীগন ও অন্যরা (বরকত হাসিলে) শরীক ছিলেন।

باب مَا ذُكِرَ مِنْ دِرْعِ النَّبِيِّ صلى الله عليه وسلم وَعَصَاهُ وَسَيْفِهِ وَقَدَحِهِ وَخَاتَمِهِ وَمَا اسْتَعْمَلَ الْخُلَفَاءُ بَعْدَهُ مِنْ ذَلِكَ مِمَّا لَمْ يُذْكَرْ قِسْمَتُهُ، وَمِنْ شَعَرِهِ وَنَعْلِهِ وَآنِيَتِهِ، مِمَّا يَتَبَرَّكُ أَصنْحَابُهُ وَغَيْرُهُمْ بَعْدَ وَفَاتِهِ

আরবী

حَدَّثَنِي عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ، حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ الأَسَدِيُّ، حَدَّثَنَا عِيسَى بْنُ طَهْمَانَ، قَالَ أَخْرَجَ إِلَيْنَا أَنَسُ نَعْلَيْنِ جَرْدَاوَيْنِ لَهُمَا قِبَالاَنِ، فَحَدَّثَنِي ثَابِتُ الْبُنَانِيُّ بَعْدُ عَنْ أَنسٍ قَالَ أَخْرَجَ إِلَيْنَا أَنسُ بَعْدُ عَنْ أَنسٍ أَنَّهُمَا نَعْلاَ النَّبِيِّ صلى الله عليه وسلم.

বাংলা

২৮৮৮। আবদুল্লাহ ইবনু মুহাম্মদ (রহঃ) ... ঈসা ইবনু তাহমান (রহঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, আনাস (রাঃ) দু'টি পশম বিহীন পুরাতন চপ্পল বের করলেন, যাতে দু'টি ফিতা লাগানো ছিল। সাবিত বুনানী (রহঃ) পরে আনাস (রাঃ) থেকে এরূপ বর্ণনা করেছেন যে, এ দু'টি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর পাদুকা ছিল।

English

Narrated `Isa bin Tahman:

Anas brought out to us two worn out leather shoes without hair and with pieces of leather straps. Later on Thabit Al-Banani told me that Anas said that they were the shoes of the Prophet.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



 ${\color{red} {\it \$}} {\color{blue} {\it Link}} - {\color{blue} {\it https://www.hadithbd.com/hadith/link/?id=2972}}$

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন